The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 913 | 13 March 2026 | শুক্রবার ২৮ ফাল্গুন অগ্রহায়ণ ১৪৩২


Mayor Mamdani's budget may cut program helping homeless youth
→ Page 19


Hadi murder: Prime accused Faisal Karim and associate arrested in India
→ Page 18


Iran says military cooperation with Russia to continue
→ Page 19


Raga Running for State Senate
→ Page 19

# গণতন্ত্রের শৃঙ্গ জয়ের অভিযাত্রা

মাসুদ করিম, *ঢাকা থেকে*

## তারুণ্যের উদ্দীপনায় পথ হারায়নি বাংলাদেশ



জুলাই আন্দোলনে তারুণ্যের উদ্দিপনায় পথ হারায়নি বাংলাদেশ। গত ১৬ বছর জনতার পর্বতসম আকাঙ্খা ছিল 'গণতন্ত্র মুক্তি পাক'। তরুণ-যুবকরা নিজের জীবন দিয়ে, রক্ত দিয়ে, অঙ্গহানির বিনিময়ে বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধারে মাঠে নেমেছিল ফ্যাসিস্ট শাসকের বিরুদ্ধে। তবে পেছনে ছিল নানা ষড়যন্ত্র। হাজারো বাধা ডিঙ্গিয়ে গত বুধবার জাতীয় সংসদের প্রথম অধিবেশনের মধ্য দিয়ে বাংলাদেশে গণতন্ত্রের শৃঙ্গ জয়ের অভিযাত্রা শুরু হয়েছে। সংসদে আলোচনা শুরুতে যতটা মধুর ছিল, প্রথম অধিবেশনেই বিরোধি দল 'ওয়াক আউট' করেছে।

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে উত্তাপ ছড়ালেও গণতান্ত্রিক সংস্কৃতির অংশ বলেই মনে করা হচ্ছে। শেখ হাসিনার আমলে নির্বাচন ব্যবস্থাকে তামাশায় পরিণত করা হয়েছিল। গণতান্ত্রিক সংস্কৃতি ভেঙ্গে ফেলার নিকৃষ্ট নজীর ছিল তার শাসনামলে। ফ্যাসিবাদি শাসনের বিদায় হলেও অন্তর্বর্তীকালিন শাসনকালে দেশে বিশৃঙ্খলায় জড়িত ছিল একদল সুযোগ সন্ধানির। তবে নির্বাচন কমিশন ও সেনা সহায়তায় শান্তিপূর্ণ নির্বাচনের নজীর স্থাপিত হয়েছে এই ↘ এরপর ২৮ পৃষ্ঠায়



## আন্দোলনে ফ্যাসিস্ট সরকারের পতন হয়েছে: রাষ্ট্রপতি

আজকাল রিপোর্ট

শেখ হাসিনার শাসনকালকে 'বিতাড়িত ফ্যাসিবাদী শাসনামল' বলেছেন রাষ্ট্রপতি। তখনকার সময়ে 'আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীকে দলীয় বাহিনী হিসেবে ব্যবহার করা হয়েছিল' বলে ভাষণে বলেছেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন চুপ্পু। ১২ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এ কথা বলেছেন। তিনি বলেন, ২০২৪ সালের গণঅভ্যুত্থানে সহস্রাধিক মানুষ শহীদ হয়েছেন। নারী, পুরুষ ও শিশুসহ কমপক্ষে ত্রিশ হাজার মানুষ আহত ও পঙ্গু হয়েছেন। পাঁচ শতাধিক ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

## আমেরিকান ট্রাভেল এজেন্টদের ইফতার মাহফিল

আজকাল ডেস্ক

ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় গত ১১ মার্চ বুধবার আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অফ বাংলাদেশ ইনক্ এর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। জ্যাকসন হাইটস এর একটি রেস্টুরেন্ট এন্ড ↘ এরপর ৪৭ পৃষ্ঠায়

## বাংলাদেশের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের বাণিজ্য তদন্ত

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্র তাদের বেশ কয়েকটি বড় বাণিজ্য অংশীদারের বিরুদ্ধে নতুন তদন্ত শুরু করেছে। এই তালিকায় ভারত ও চীনের সঙ্গে বাংলাদেশের নামও রয়েছে। গত মাসে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের শুল্কনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ বাতিল করার পর এই পদক্ষেপ নেয়া হলো। মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার গত বুধবার বলেন, সেকশন ৩০১-এর অধীনে অন্যায্য বাণিজ্যচর্চা নিয়ে যে তদন্ত শুরু হয়েছে, তার ভিত্তিতে চীন, ইউরোপীয় ইউনিয়ন, ভারত, জাপান, দক্ষিণ কোরিয়া ও মেক্সিকোর মতো দেশের ওপর এই গ্রীষ্মের মধ্যেই নতুন শুল্ক আরোপ করা হতে পারে।

এই তদন্তে যদি কোনো দেশের বিরুদ্ধে অন্যায্য বাণিজ্যচর্চার প্রমাণ পাওয়া যায়, তাহলে সেই দেশের পণ্যের ওপর যুক্তরাষ্ট্র আমদানি ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

## ট্রাম্পের কাছে ১৩.৫ বিলিয়ন ডলার ফেরত চাইলেন হোকুল

আজকাল রিপোর্ট



সুপ্রীম কোর্ট প্রেসিডেন্টের ট্যারিফ নীতিকে অবৈধ ঘোষণা করার পর গভর্নর ক্যাথি হোকুল অবিলম্বে ১৩ দশমিক ৫ বিলিয়ন ডলার ফেরতের দাবি করেছেন। নিউ ইয়র্কবাসীর কাছ থেকে ট্যারিফ হিসেবে অবৈধভাবে নেওয়া হয়েছিল। আলবানিতে ব্যবসায়ী ও কৃষকের সঙ্গে রাউন্ডটেবিল বৈঠকে গভর্নর হোকুল বলেন, সরকারের কাজ হলো ব্যবসায়ীদের সহায়তা ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

## রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের ইফতার মাহফিল অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের জনজমাট ইফতার মাহফিল অনুষ্ঠিত হলো। প্রবাসী চাঁদপুরবাসীসহ প্রবাসের সর্বস্তরের লোকজনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ইফতার মাহফিলটি গত ৯ মার্চ উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত ↘ এরপর ৪৭ পৃষ্ঠায়

## কমিউনিটির ভালবাসায় অভিসিক্ত শাহ নেওয়াজ গ্রুপ

আজকাল রিপোর্ট



কমিউনিটির ভালবাসায় অভিসিক্ত গোল্ডেন এজ হোম কেয়ার ও শাহ নেওয়াজ গ্রুপ। গোল্ডেন এজ গ্রুপ আয়োজিত ইফতার মাহফিলে তার প্রমান দিল বাংলাদেশি কমিউনিটির মানুষ। প্রতিবছরের ন্যায় এবারও শাহ নেওয়াজ গ্রুপ কমিউনিটির মানুষের জন্য ইফতার মাহফিলের আয়োজন করেছিল। গত ৫ মার্চ বৃহস্পতিবার ↘ এরপর ৩৫ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
আমরা বাড়ীর পরিবর্তনের মাধ্যমে আপনার বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে ফ্রি হিট লাগিয়ে থাকি।
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

NY INSURANCE BROKERAGE

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ



Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# নারী ও কন্যার নিরাপদ বাংলাদেশ: আজকের পদক্ষেপ আগামীর ন্যায় বিচার

হাসান আলী



৮ মার্চ- আন্তর্জাতিক নারী দিবস। এবারের প্রতিপাদ্য "Rights, Justice, Action - For all women and girls"। বাংলায় যার অর্থ করা হয়েছে-"আজকের পদক্ষেপ, আগামীর ন্যায় বিচার: সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার।" এই প্রতিপাদ্য শুধু একটি স্লোগান নয়; এটি আমাদের সমাজের জন্য একটি স্পষ্ট বার্তা। অধিকার, ন্যায়বিচার ও কার্যকর পদক্ষেপ-এই তিনটি শব্দ বাস্তবায়িত না হলে নারী ও কন্যাশিশুর নিরাপত্তা কাগজেই সীমাবদ্ধ থাকবে।

বাংলাদেশে এখনো প্রতিনিয়ত নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটছে। সংবাদপত্রের পাতা খুললেই দেখা যায় ধর্ষণ, পারিবারিক সহিংসতা, বাল্যবিবাহ, যৌন হয়রানি কিংবা অনলাইন নির্যাতনের খবর। আইনের কঠোরতা কিছুটা প্রতিরোধ গড়ে তুললেও বাস্তবতা হলো-শুধু আইন প্রণয়ন করলেই সমস্যার সমাধান হয় না। আইনের প্রয়োগ, সামাজিক সচেতনতা এবং মানসিকতার পরিবর্তন একসাথে না ঘটলে নারী সুরক্ষা নিশ্চিত করা সম্ভব নয়।

নারী নির্যাতনের বিষয়টি আমরা সাধারণত তরুণী বা কন্যাশিশুর ক্ষেত্রে বেশি দেখি। কিন্তু আরেকটি নীরব বাস্তবতা হলো-প্রবীণ নারীরাও নির্যাতনের শিকার হন। পরিবারেই কখনো অবহেলা, কখনো সম্পত্তি নিয়ে চাপ, কখনো মানসিক হেনস্তা তাঁদের জীবনের অংশ হয়ে দাঁড়ায়। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে আর্থিক ও শারীরিক নির্ভরশীলতা বাড়ে; সেই সুযোগে অনেকেই প্রবীণ নারীর অধিকারকে উপেক্ষা করেন। অথচ একজন প্রবীণ নারী তাঁর সারাজীবনের শ্রম, ত্যাগ ও মমতায় একটি পরিবারকে দাঁড় করান। জীবনের শেষ প্রান্তে এসে তিনি যদি নিরাপত্তাহীনতায় ভোগেন, তবে সেটি শুধু পারিবারিক ব্যর্থতা নয়, সামাজিক ব্যর্থতাও।

সামাজিক প্রতিষ্ঠানগুলোতেও প্রবীণ নারীর অবস্থান দুর্বল। অনেক সময় তাঁরা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশ নিতে পারেন না। স্থানীয় কমিটি, ধর্মীয় বা সাংস্কৃতিক সংগঠনে তাঁদের প্রতিনিধিত্ব কম। ফলে তাঁদের সমস্যা ও অভিজ্ঞতা আলোচনায় আসে না। নারী অধিকার নিয়ে যখন কথা বলি, তখন প্রবীণ নারীর বিশেষ চাহিদা-স্বাস্থ্যসেবা, নিরাপদ আশ্রয়, মানসিক সঙ্গ-এসব বিষয়ও সমান গুরুত্ব পাওয়া উচিত।

নারী ও শিশু সুরক্ষায় সামাজিক আন্দোলন গড়ে তোলা সময়ের দাবি। পরিবার থেকেই শুরু হতে পারে এই পরিবর্তন। ছেলেশিশুকে ছোটবেলা থেকে শেখাতে হবে-নারীকে সম্মান করা মানবিকতার অংশ। কন্যাশিশুকে শেখাতে হবে-নিজের অধিকার সম্পর্কে সচেতন হতে। স্কুল, মসজিদ, মন্দির, ক্লাব-সব জায়গায় নারী নিরাপত্তা ও মর্যাদা নিয়ে খোলামেলা আলোচনা হওয়া প্রয়োজন। স্থানীয় জনপ্রতিনিধি ও নাগরিক সমাজ একসাথে কাজ করলে সচেতনতা বাড়বে।

আইন অবশ্যই প্রয়োজন। কিন্তু আইনের পাশাপাশি দরকার দ্রুত বিচার ও ভুক্তভোগীর সহায়ক পরিবেশ। নির্যাতনের শিকার নারী যাতে লজ্জা বা ভয় না পেয়ে অভিযোগ করতে পারেন, সেই নিরাপদ কাঠামো গড়ে তুলতে হবে। থানায়, হাসপাতালে, আদালতে নারী-বান্ধব ব্যবস্থা থাকতে হবে। বিশেষ করে প্রবীণ নারীর ক্ষেত্রে অভিযোগ জানানোর প্রক্রিয়া সহজ ও মানবিক হওয়া জরুরি।

অর্থনৈতিক ক্ষমতায়নও নারী সুরক্ষার একটি বড় ভিত্তি। স্বনির্ভর নারী নিজেকে রক্ষা করতে তুলনামূলকভাবে বেশি সক্ষম। ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ, কর্মসংস্থান-এসব উদ্যোগ নারীদের আত্মবিশ্বাস বাড়ায়। প্রবীণ নারীদের জন্য ভাতা, স্বাস্থ্যবিমা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি আরও কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে। তাঁদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত হলে পারিবারিক নির্যাতনের ঝুঁকিও কমে।

সবচেয়ে বড় কথা-মানসিকতার পরিবর্তন। নারীকে দুর্বল বা নির্ভরশীল হিসেবে দেখার দৃষ্টিভঙ্গি বদলাতে হবে। নারী শুধু মা, স্ত্রী বা কন্যা নন; তিনি একজন পূর্ণাঙ্গ নাগরিক। তাঁর মতামত, ইচ্ছা ও স্বপ্নের মূল্য আছে। প্রবীণ নারীও একজন অভিজ্ঞ মানুষ; তাঁর জীবনজ্ঞান সমাজের সম্পদ। তাঁকে অবহেলা নয়, সম্মান দিতে হবে।

আজকের প্রতিপাদ্য আমাদের মনে করিয়ে দেয়-অধিকার ও ন্যায়বিচার কেবল দাবির বিষয় নয়, তা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ প্রয়োজন। যদি আমরা পরিবারে সম্মান, সমাজে সচেতনতা এবং রাষ্ট্রে জবাবদিহিতা নিশ্চিত করতে পারি, তবে নারী ও কন্যাশিশুর জন্য একটি নিরাপদ ভবিষ্যৎ গড়া সম্ভব। একই সঙ্গে প্রবীণ নারীর মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা যাবে।

আসুন, ৮ মার্চকে শুধু আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ না রেখে প্রতিজ্ঞার দিনে পরিণত করি।

আজকের ছোট ছোট পদক্ষেপ-একটি প্রতিবাদ, একটি সচেতনতা সভা, একটি সহানুভূতির হাত-আগামীর ন্যায়বিচারের ভিত্তি হতে পারে। নারী নিরাপদ হলে পরিবার নিরাপদ হবে; পরিবার নিরাপদ হলে সমাজ হবে মানবিক।


নারী ও কন্যার অধিকার সুরক্ষিত হোক-এই প্রত্যাশায়, এই অঙ্গীকারেই আন্তর্জাতিক নারী দিবসের সত্যিকারের তাৎপর্য।



> আজকের প্রতিপাদ্য আমাদের মনে করিয়ে দেয়-অধিকার ও ন্যায়বিচার কেবল দাবির বিষয় নয়, তা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ প্রয়োজন। যদি আমরা পরিবারে সম্মান, সমাজে সচেতনতা এবং রাষ্ট্রে জবাবদিহিতা নিশ্চিত করতে পারি, তবে নারী ও কন্যাশিশুর জন্য একটি নিরাপদ ভবিষ্যৎ গড়া সম্ভব। একই সঙ্গে প্রবীণ নারীর মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা যাবে। আসুন, ৮ মার্চকে শুধু আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ না রেখে প্রতিজ্ঞার দিনে পরিণত করি। আজকের ছোট ছোট পদক্ষেপ-একটি প্রতিবাদ, একটি সচেতনতা সভা, একটি সহানুভূতির হাত-আগামীর ন্যায়বিচারের ভিত্তি হতে পারে। নারী নিরাপদ হলে পরিবার নিরাপদ হবে; পরিবার নিরাপদ হলে সমাজ হবে মানবিক। নারী ও কন্যার অধিকার সুরক্ষিত হোক-এই প্রত্যাশায়, এই অঙ্গীকারেই আন্তর্জাতিক নারী দিবসের সত্যিকারের তাৎপর্য

# ভাগ্যের খোঁজে বিদেশ, ফেরে লাশের বাক্স: নারী অভিবাসনের অন্ধকার সত্য

নিয়াজ মাহমুদ



বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী শ্রমিকদের অবদান অপরিসীম। বৈদেশিক মুদ্রার বড় একটি উৎস এই শ্রমবাজার। সেই যাত্রায় পুরুষদের পাশাপাশি হাজারো নারী বিদেশে কাজ করতে গেছেন-অধিকাংশই গৃহকর্মী হিসেবে। কিন্তু যে স্বপ্ন নিয়ে তারা দেশ ছাড়েন, বাস্তবের অনেক গল্পই শেষ হয় নির্যাতন, অপমান, কিংবা নীরব মৃত্যুর মধ্য দিয়ে।

আন্তর্জাতিক নারী দিবসের দিনে তাই একটি অস্বস্তিকর প্রশ্ন সামনে দাঁড়ায়-দেশের অর্থনীতিতে অবদান রাখা এই নারীরা কি সত্যিই সুরক্ষিত?

কবি কাজী নজরুল ইসলাম বহু আগেই লিখেছিলেন-"এই পৃথিবীতে যাহা কিছু চির সুন্দর, কল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।" কিন্তু বাস্তবতা হলো, যে নারী পৃথিবীর সৌন্দর্যের অর্ধেক নির্মাণ করে, সেই নারীই আজ অনেক ক্ষেত্রে সবচেয়ে বেশি অবহেলিত, সবচেয়ে বেশি অসুরক্ষিত।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্য বলছে, বাংলাদেশ থেকে নারী শ্রমিকদের বিদেশ যাত্রা শুরু হয় ১৯৯১ সালে। শুরুতে সংখ্যা ছিল কয়েক হাজারের মধ্যে সীমাবদ্ধ। কিন্তু ২০০৪ সালের পর নারী অভিবাসন ধারাবাহিকভাবে বাড়তে থাকে।

২০১৩ সালে প্রথমবার বছরে ৫০ হাজার নারী বিদেশে যান। আর ২০১৫ সালে সৌদি আরবে নারী গৃহকর্মী পাঠানোর চুক্তির পর এই সংখ্যা দ্রুত এক লাখ অতিক্রম করে। ২০১৬ থেকে ২০১৯ পর্যন্ত প্রতি বছর এক লাখের বেশি নারী বিদেশে কাজের উদ্দেশ্যে গেছেন। সে সময় মোট শ্রম অভিবাসনের প্রায় ১৬ শতাংশই ছিলেন নারী। করোনা মহামারির ধাক্কা কাটিয়ে ২০২২ সালে আবারও নারী অভিবাসীর সংখ্যা দাঁড়ায় ১ লাখ ৫ হাজার ৪৬৬ জনে। কিন্তু এরপর থেকেই ছবিটা বদলাতে শুরু করে। ২০২৫ সালে বিদেশে গেছেন মাত্র ৬২ হাজার ৩১৭ জন নারী-মোট অভিবাসীর মাত্র ৫ দশমিক ৫ শতাংশ। ২০২২ সালের তুলনায় এটি প্রায় ৪১ শতাংশ কম। এটি শুধু একটি পরিসংখ্যানগত পতন নয়। এটি আস্থার পতন।

অভিবাসন গবেষণা প্রতিষ্ঠান রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্ট রিসার্চ ইউনিট (রামরু) বলছে, বিদেশে নিরাপদ কর্মপরিবেশের অনিশ্চয়তা এবং গৃহের ভেতরে সংঘটিত সহিংসতা নারী অভিবাসনকে ক্রমেই নিরুৎসাহিত করছে।

বিদেশে গিয়ে নারীরা মূলত তিন ধরনের নির্যাতনের মুখোমুখি হন। প্রথমত, অর্থনৈতিক শোষণ। চুক্তি অনুযায়ী বেতন না পাওয়া, অতিরিক্ত কাজ করানো, কিংবা একাধিক বাড়িতে কাজ করতে বাধ্য করা-এসব অভিযোগ খুবই সাধারণ।

দ্বিতীয়ত, শারীরিক নির্যাতন। কাজের চাপ বা সামান্য ভুলের কারণে মারধর, অপমান-এসব যেন অনেক ক্ষেত্রে স্বাভাবিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে।

তৃতীয়ত, সবচেয়ে ভয়াবহ-যৌন নির্যাতন।

এই নির্যাতনের বহু ঘটনা কখনোই প্রকাশ পায় না। কারণ ভয়, সামাজিক অপবাদ এবং আইনি জটিলতার কারণে অনেক নারীই নীরব থাকেন।

প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তথ্য অনুযায়ী, গত আট বছরে ৭৯৯ জন নারী শ্রমিকের মরদেহ দেশে ফিরেছে। মৃত্যুর সনদে অধিকাংশ ক্ষেত্রেই লেখা থাকে-আত্মহত্যা। কিন্তু পরিবারগুলো বলছে, মরদেহে নির্যাতনের চিহ্ন ছিল। প্রশ্ন উঠছে-যে নারী পরিবার চালাতে জীবন বাজি রেখে বিদেশে যায়, সে কি এত সহজে আত্মহত্যা করে? নাকি সেই মৃত্যুর পেছনে লুকিয়ে থাকে নির্যাতনের অন্ধকার ইতিহাস?

হাজারো নারীর নীরব প্রত্যাবর্তন: বিদেশ থেকে কতজন নারী দেশে ফিরেছেন তার নির্ভুল পরিসংখ্যান নেই। তবে ধারণা করা হয় গত সাত বছরে অন্তত ৭০ হাজার নারী দেশে ফিরেছেন। শুধু করোনা মহামারির সময় ২০২০ সালেই দেশে ফিরে আসেন ৪৯ হাজার ২২ জন নারী। ২০১৯ সালে বন্দি বা ডিপোর্টি হিসেবে দেশে ফিরেছিলেন ৩ হাজার ১৪৪ নারী। পরবর্তী বছরগুলোতেও এই ধারা অব্যাহত। শুধু সৌদি আরব থেকেই ২০২২ থেকে ২০২৫ সালের মধ্যে ১৫ হাজারের বেশি নারী দেশে ফিরে এসেছেন। এই প্রত্যাবর্তনের অনেক গল্পই নীরব-কারণ সমাজে ফিরে এসে অনেকেই আর কথা বলতে চান না।

অভিবাসন বিশেষজ্ঞদের মতে, নারী শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত না করলে এই খাতে আস্থার সংকট আরও গভীর হবে। বিদেশে পাঠানোর আগে সঠিক প্রশিক্ষণ, সচেতনতা এবং নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা জরুরি। প্রত্যেক নারী শ্রমিকের কাছে মোবাইল ফোন থাকা, পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগের সুযোগ এবং বিপদে পড়লে দ্রুত দূতাবাসের সহায়তা পাওয়ার ব্যবস্থা থাকতে হবে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো-নির্যাতনের অভিযোগ এলে সেটির সুষ্ঠু তদন্ত এবং বিচার নিশ্চিত করা। কারণ বিচারহীনতা অন্যায়কে আরও শক্তিশালী করে।

দক্ষিণ এশিয়ার নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন বলেছেন, "উন্নয়নের প্রকৃত মানদণ্ড হলো মানুষের স্বাধীনতা ও মর্যাদা কতটা নিশ্চিত হয়েছে।"

বাংলাদেশের নারী শ্রমিকদের বাস্তবতা সেই মানদণ্ডে আমাদের সামনে কঠিন প্রশ্ন তুলে ধরে। নারী অভিবাসন কেবল অর্থনীতির বিষয় নয়-এটি মানবাধিকারের বিষয়, মর্যাদার বিষয়। যে নারী নিজের

এরপর ২৭ পৃষ্ঠায়



## আন্তর্জাতিক নারী দিবসের অস্বস্তিকর প্রশ্ন

> দক্ষিণ এশিয়ার নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন বলেছেন, "উন্নয়নের প্রকৃত মানদণ্ড হলো মানুষের স্বাধীনতা ও মর্যাদা কতটা নিশ্চিত হয়েছে।" বাংলাদেশের নারী শ্রমিকদের বাস্তবতা সেই মানদণ্ডে আমাদের সামনে কঠিন প্রশ্ন তুলে ধরে। নারী অভিবাসন কেবল অর্থনীতির বিষয় নয়-এটি মানবাধিকারের বিষয়, মর্যাদার বিষয়। যে নারী নিজেরভাগ্য বদলাতে বিদেশে যায়, তার নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। কারণ একজন নারী শ্রমিকের কান্না শুধু একজন মানুষের কান্না নয়-তা একটি পরিবারের, একটি সমাজের, শেষ পর্যন্ত একটি দেশের কান্না। আন্তর্জাতিক নারী দিবসে তাই প্রতিশ্রুতিটা নতুন করে উচ্চারণ করা দরকার-নারী যেন আর ভাগ্য বদলাতে গিয়ে নিজের জীবন হারানোর ঝুঁকিতে না পড়েন

# ইরান যুদ্ধের ঢেউ আছড়ে পড়ছে অর্থনীতিতে, কতটা প্রস্তুত ঢাকা?

সানজিদা বারী

> ফলে অর্থনৈতিক প্রস্তুতির পাশাপাশি কূটনৈতিক সংযমও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। সবশেষে একটি বাস্তবতা আবারও মনে করিয়ে দেয়-বৈশ্বিক অর্থনীতির যুগে কোনো যুদ্ধই আর দূরের যুদ্ধ নয়। যুদ্ধক্ষেত্র হাজার মাইল দূরে হলেও তার অভিঘাত পৌঁছে যায় জ্বালানির দামে, খাদ্যপণ্যের বাজারে, ডলারের বিনিময় হারে, রপ্তানি অর্ডারে এবং সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয়ে। ইরানকে ঘিরে সংঘাত হয়তো দ্রুত শেষও হতে পারে। কিন্তু অনিশ্চয়তাই আজকের বিশ্ব অর্থনীতির সবচেয়ে বড় ঝুঁকি। আর সেই অনিশ্চয়তার সময়ে যারা আগে প্রস্তুতি নেয়, তারাই তুলনামূলকভাবে কম ক্ষতিগ্রস্ত হয়। বাংলাদেশের জন্য তাই এখন সবচেয়ে জরুরি কাজ অপেক্ষা করা নয়-প্রস্তুতি নেওয়া। কারণ আজকের পৃথিবীতে যুদ্ধ শুধু সীমান্তে হয় না; তার ঢেউ এসে লাগে বাজারে এবং মানুষের দৈনন্দিন জীবনে



যুদ্ধ মানেই শুধু সীমান্তে গোলাগুলি, ক্ষেপণাস্ত্র বা কূটনৈতিক উত্তেজনার খবর নয়। যুদ্ধের অর্থ আরও বিস্তৃত-এটি বৈশ্বিক বাজারে অস্থিরতা সৃষ্টি করে, আন্তর্জাতিক সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন ঘটায় এবং অর্থনীতিতে নতুন অনিশ্চয়তার জন্ম দেয়। ইরানকে ঘিরে বর্তমান সংঘাতও সেই বাস্তবতাকেই সামনে নিয়ে এসেছে।

অনেকেই এটিকে মধ্যপ্রাচ্যের একটি আঞ্চলিক নিরাপত্তা সংকট হিসেবে দেখছেন কিন্তু বাস্তবে এর প্রভাব অনেক দূর পর্যন্ত বিস্তৃত হতে পারে। কারণ ইরান শুধু একটি রাষ্ট্র নয়; এটি বিশ্ব জ্বালানি বাজারের একটি গুরুত্বপূর্ণ অংশীদার, উপসাগরীয় ভূরাজনীতির একটি কেন্দ্রীয় শক্তি এবং আন্তর্জাতিক বাণিজ্যপথের একটি কৌশলগত কেন্দ্র। ফলে এই সংঘাত দীর্ঘায়িত হলে এর অভিঘাত শুধু তেহরান, তেলআবিব বা ওয়াশিংটনে সীমাবদ্ধ থাকবে না; তার প্রতিধ্বনি পৌঁছাতে পারে ঢাকার অর্থনীতিতেও।

ইতিমধ্যেই আন্তর্জাতিক জ্বালানি বাজারে সেই সংকেত দেখা যাচ্ছে। ২০২৬ সালের মার্চ মাসের শুরুতে বৈশ্বিক অস্থিরতার প্রেক্ষাপটে ব্রেন্ট ক্রুড তেলের দাম ব্যারেলপ্রতি ১.৬৭ ডলার বৃদ্ধি পেয়ে প্রায় ২.০৫ শতাংশ বেড়েছে। যদিও বাংলাদেশ সরকার মার্চ মাসের জন্য জ্বালানি তেলের দাম অপরিবর্তিত রেখেছে এবং ফেব্রুয়ারির মতো একই হারে তা বিক্রি হচ্ছে। তবুও বৈশ্বিক বাজারের এই অস্থিরতা দীর্ঘস্থায়ী হলে এর প্রভাব দেশীয় বাজারেও পড়তে বাধ্য।

একই সঙ্গে শেয়ারবাজারে অস্থিরতা, বন্ডের আয়ের ওঠানামা এবং জ্বালানি পরিবহনে নিরাপত্তা ঝুঁকি-সব মিলিয়ে বৈশ্বিক অর্থনীতি নতুন চাপের মুখে পড়েছে। ইতিহাস বলছে, সাধারণত তিন ধরনের ধাক্কা যুক্তরাষ্ট্রসহ বড় অর্থনীতিগুলোকে মন্দার দিকে ঠেলে দেয়-আর্থিক সংকট, মহামারি এবং তেলের দামের আকস্মিক উল্লম্ফন। ইরানকে ঘিরে বর্তমান সংঘাত অন্তত দ্বিতীয় ঝুঁকিটিকে সামনে এনে দিয়েছে।

এই সংকটের কেন্দ্রবিন্দুতে রয়েছে পারস্য উপসাগরের একটি সরু কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ জলপথ-হরমুজ প্রণালি। বিশ্বের মোট তেল পরিবহনের প্রায় এক-পঞ্চমাংশ এই প্রণালির মধ্য দিয়ে যায়। ইরানসংলগ্ন এই কৌশলগত প্রণালিতে সামান্য বিঘ্নও বৈশ্বিক বাজারে বড় প্রভাব ফেলতে পারে।



যুদ্ধের আশঙ্কা তৈরি হওয়ার পর থেকেই তেলবাহী ট্যাংকার চলাচলে সতর্কতা বেড়েছে, অনেক জাহাজ বিকল্প পথ খুঁজছে এবং পরিবহন ব্যয় দ্রুত বাড়ছে। উপসাগরীয় অঞ্চলের জ্বালানি অবকাঠামো-বিশেষ করে সৌদি আরবের তেল শোধনাগার এবং কাতারের তরল প্রাকৃতিক গ্যাস রপ্তানি স্থাপনাগুলো-ঘিরেও উদ্বেগ তৈরি হয়েছে। ফলে জ্বালানি বাজারে অস্থিরতা সৃষ্টি হওয়া অস্বাভাবিক নয়।

ইরানকে ঘিরে সংঘাত হয়তো দ্রুত শেষও হতে পারে। কিন্তু অনিশ্চয়তাই আজকের বিশ্ব অর্থনীতির সবচেয়ে বড় ঝুঁকি। আর সেই অনিশ্চয়তার সময়ে যারা আগে প্রস্তুতি নেয়, তারাই তুলনামূলকভাবে কম ক্ষতিগ্রস্ত হয়।

তবে বর্তমান পরিস্থিতি ১৯৭০-এর দশকের তেল সংকটের সরাসরি পুনরাবৃত্তি নয়। সে সময় মধ্যপ্রাচ্যের রাজনৈতিক অস্থিরতা সরাসরি জ্বালানি ঘাটতি তৈরি করেছিল এবং বিশ্ব অর্থনীতিতে দ্রুত মুদ্রাস্ফীতি বাড়িয়ে দিয়েছিল। আজকের বিশ্ব অর্থনীতি তুলনামূলকভাবে বহুমুখী ও বৈচিত্র্যপূর্ণ।

নবায়নযোগ্য শক্তির ব্যবহার বেড়েছে এবং শেল তেলের উৎপাদনের কারণে যুক্তরাষ্ট্র এখন নেট জ্বালানি রপ্তানিকারক। তবুও তেলের দাম বাড়লে তার অভিঘাত এখনো শক্তিশালী থাকে। কারণ জ্বালানি শুধু একটি পণ্য নয়; এটি পরিবহন, খাদ্য উৎপাদন, শিল্প উৎপাদন, বিমান ভাড়া এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামের সঙ্গে গভীরভাবে যুক্ত।

এই জায়গাতেই বাংলাদেশের ঝুঁকি স্পষ্ট হয়ে ওঠে। বাংলাদেশ একটি জ্বালানি আমদানিনির্ভর অর্থনীতি। আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম বাড়লে দেশের ডিজেল ও গ্যাসের দাম বাড়ে এবং বিদ্যুৎ উৎপাদনের ব্যয়ও বৃদ্ধি পায়। এর ফলে পরিবহন খরচ বাড়ে, কৃষি উৎপাদনের ব্যয় বৃদ্ধি পায় এবং শিল্প খাতেও উৎপাদন ব্যয় বেড়ে যায়। সরকার তখন সাধারণত দুটি কঠিন বিকল্পের সামনে পড়ে-ভর্তুকি বাড়াবে, নাকি জ্বালানির দাম বাড়াতে বাধ্য হবে। উভয় ক্ষেত্রেই অর্থনীতির ওপর চাপ সৃষ্টি হয়। ভর্তুকি বাড়ালে রাজস্ব ঘাটতি বেড়ে যায় এবং সরকারি বাজেটের ওপর চাপ পড়ে। আবার জ্বালানির দাম বাড়ালে তা দ্রুত বাজারদরে প্রভাব ফেলে এবং মূল্যস্ফীতি আরও ত্বরান্বিত হয়।

বাংলাদেশ ইতিমধ্যেই সাম্প্রতিক বছরগুলোতে উচ্চ মুদ্রাস্ফীতি এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংকটের অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম বাড়লে আমদানি বিলও বাড়বে। এর ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের ওপর নতুন চাপ তৈরি হবে। ডলারের চাহিদা বাড়বে এবং টাকার মান দুর্বল হওয়ার ঝুঁকি দেখা দিতে পারে। অর্থাৎ যুদ্ধের গোলা যদি তেহরানে পড়ে, তার অর্থনৈতিক প্রতিধ্বনি ঢাকায় শোনা যেতে পারে ডলারের বাজারে, বিদ্যুতের খরচে কিংবা বাজারের নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে।

বাংলাদেশের অর্থনীতির আরেকটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হলো রেমিট্যান্স। দেশের বিপুল সংখ্যক এরপর ২৮ পৃষ্ঠায়



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**

## বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা


**IMMIGRATION** (Consultation fee applies)








## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney Michigan Only.




Attorney Michigan Only.



Attorney New Jersey Only



Attorney, Buffalo New York Only



Attorney Connecticut Only



Attorney Pennsylvania Only

## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# ট্রাম্প খেলিছে এ বিশ্ব লয়ে

এ ক্ষেত্রে হয়তো অনেকেই সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশের ইরাক যুদ্ধ কিংবা তাঁর বাবা আরেক সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশ সিনিয়রের উপসাগরীয় অঞ্চলের যুদ্ধের কথা স্মরণ করিয়ে দেবেন। কিন্তু ট্রাম্পের সঙ্গে তাঁদের তুলনা চলে না। দুই বুশ কিংবা তাঁদের আগে-পরের মার্কিন প্রেসিডেন্টরা বিশ্বরাজনীতিতে যা যা করেছেন, সেগুলো ছিল চুলচেরা বিশ্লেষণের পর কৌশলগত পদক্ষেপ। ট্রাম্পের কর্মকাণ্ড দেখে এখন পর্যন্ত মনে হয় না তিনি চুলচেরা বিশ্লেষণ করে সবকিছু করছেন। আবার এমনও হতে পারে, ট্রাম্প তাঁর পূর্বসূরিদের নির্ধারণ করে যাওয়া কৌশলগুলো প্রয়োগ করছেন। কারণ, আমরা জানি, যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট বদলালেও, ক্ষমতাসীন দল বদলালেও কৌশল খুব একটা বদলায় না। বিশেষ করে তাদের পররাষ্ট্রনীতিতে পরিবর্তন আসে কমই। কাজেই ইরান ইস্যুর পর ট্রাম্প কোন ইস্যুতে মনোযোগ দেবেন, তা অনুমান করা কিছুটা কঠিন।

রাজিউল হাসান



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় দফায় ক্ষমতায় এসেছেন এক বছরের বেশি সময় হলো। ক্ষমতায় বসেই আভাস দিয়েছিলেন, তিনি বিশ্বটাকে ওলটপালট করে দিতে চান। ফলে প্রচলিত যে বিশ্বব্যবস্থা গড়ে উঠেছিল, তা ভেঙে দিতে তিনি কোনো কার্পণ্য করবেন না।

সে কারণে তিনি এক বছরের মধ্যে অনেক কিছু ওলটপালটও করেছেন। বিশ্বজুড়ে বিভিন্ন দেশের ওপর পাল্টা শুল্ক বসিয়ে সবাইকে একধরনের অনিশ্চয়তার মধ্যে ফেলে দিয়েছেন তিনি। গত জানুয়ারিতে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলা মাদুরোকে তাঁর দেশ থেকে ধরে এনে নিজের দেশের জেলে পুরেছেন ট্রাম্প। ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলায় নিহত হয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি।

ইরানে যে অভিযান শুরু হয়েছে, তা অব্যাহত। পাল্টা জবাব দিচ্ছে ইরানও। প্রতিদিনই প্রাণহানি বাড়ছে, ক্ষয়ক্ষতি বাড়ছে। এই সংঘাতের জেরে বন্ধ হয়ে গেছে হরমুজ প্রণালি। ফলে মধ্যপ্রাচ্যজুড়ে তেল ও গ্যাস উৎপাদন ও বিতরণ অনেকাংশে বন্ধ হয়ে গেছে। ইউরোপ ও আমেরিকার বাজারে এরই মধ্যে তার প্রভাব পড়েছে। প্রভাব পড়েছে এশিয়ার বিভিন্ন দেশেও।

এখন পর্যন্ত ট্রাম্প যা করেছেন, তা কেবল জাতীয় কবি কাজী নজরুল ইসলামের একটি সংগীতের একটি চরণ দিয়েই তুলনা করা যায়-'খেলিছ এ বিশ্ব লয়ে বিরাট শিশু আনমনে'।

ট্রাম্প আনমনে খেলছেন কি না, তা নিয়ে অবশ্য সংশয় রয়েছে। আপাতদৃশ্যে সবকিছু এলোমেলো মনে হতে পারে। এ যেন আজ তিনি দক্ষিণ আমেরিকার কোনো দেশের রাষ্ট্রপ্রধানকে ধরে আনছেন তো কাল মধ্যপ্রাচ্যের কোনো দেশের শীর্ষ নেতাকে হত্যা করছেন। কিন্তু আসলেই কি সব এলোমেলো? তার চেয়েও বড় প্রশ্ন, ইরানের পর ট্রাম্প কোন দিকে মনোযোগ দিতে পারেন?

একটু গভীরভাবে চিন্তা করলেই বোঝা যায়, এখন পর্যন্ত ট্রাম্প তাদের বিরুদ্ধেই শুল্ক কিংবা সামরিক আঘাত হেনেছেন, যারা চীনের মিত্র কিংবা বাণিজ্যিক অংশীদার। প্রশ্ন উঠতে পারে, শুল্ক তো সব দেশের ওপরই চাপানো হয়েছে, তাহলে এখানে বাছবিচার কেন? একটু খেয়াল করলেই বোঝা যায়, ট্রাম্প প্রশাসন বেছে বেছে চীন, রাশিয়া ও ইরানের মিত্রদের ওপর অন্যদের তুলনায় বেশি শুল্ক আরোপ করেছে। এর বড় উদাহরণ ভারত। ভারতের চীনের সঙ্গে বৈরিতা থাকলেও দেশটি ইরান ও রাশিয়ার কাছ থেকে কম দামে তেল কিনছিল।



ট্রাম্প যে এলোমেলো পদক্ষেপ নিচ্ছেন না, তার আরেকটি উদাহরণ হলো উত্তর কোরিয়া। সবার সঙ্গে তিনি লাগতে গেলেও কিম জং-উনকে তিনি চটাননি এখন পর্যন্ত। আগের দফায়ও উত্তর কোরিয়ার শাসকের সঙ্গে তিনি একাধিকবার দেখাও করেছেন।

সব দেখেশুনে এখন পর্যন্ত যা মনে হচ্ছে, ট্রাম্প আসলে বহুদিনের মার্কিন নীতির বাস্তব ও সরাসরি প্রয়োগের কৌশল নিয়েছেন। বহু বছর ধরে বিশ্বের মোড়লগিরি ধরে রাখতে যুক্তরাষ্ট্র কূটনৈতিকভাবে কিংবা পরোক্ষভাবে যে কাজগুলো করে আসছিল, ট্রাম্প ক্ষমতায় এসে সেগুলো সরাসরি করছেন। যুক্তরাষ্ট্র চীনকে বড় হুমকি বিবেচনা করে। কাজেই এই বড় হুমকিকে মোকাবিলা করার আগে তার বলয় ভাঙার চেষ্টা চলছে বলেই মনে হচ্ছে। এ কারণেই ভেনেজুয়েলার একনায়ক এখন জেলে, ইরানের সর্বোচ্চ নেতা পরপারে।

দ্বিতীয় প্রশ্নের ক্ষেত্রে বলা যায়, ইরানের পর ট্রাম্প কোন দিকে মনোযোগ দেবেন? এই প্রশ্নের প্রচ্ছন্ন জবাব প্রথম প্রশ্নের জবাবেই লুকিয়ে আছে। ট্রাম্প পরবর্তী সময়ে সেটাই করবেন, যা চীনের প্রভাব আরেকটু কমাতে সহায়ক হবে। সে ক্ষেত্রে তিনি হয়তো আবারও চীনের কোনো মিত্র কিংবা বাণিজ্যিক অংশীদারের দিকে মনোযোগ দিতে পারেন, অথবা বিশ্বরাজনীতিতে নতুন কোনো জটিলতার জন্ম দিতে পারেন।

এ ছাড়া ট্রাম্পের ঝুলিতে জটিলতা বাড়ানোর আরও কিছু অ্যাজেন্ডা রয়েছে। যেমন গ্রিনল্যান্ডকে যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে নেওয়া, কানাডা-মেক্সিকোকে একটু শায়েস্তা করা, ব্রাজিলের প্রেসিডেন্ট লুলা দা সিলভাকে শায়েস্তা করা, তাইওয়ানকে সমরাস্ত্রে আরেকটু সমৃদ্ধ করা ইত্যাদি।

তবে একটা বিষয় মনে রাখতে হবে, আগামী নভেম্বরে যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন অনুষ্ঠিত হবে। মার্কিন কংগ্রেসে রিপাবলিকান পার্টিকে আরও প্রভাবশালী, দলটির সংখ্যাগরিষ্ঠতা আরও বাড়াতে এই মধ্যবর্তী নির্বাচন বড় সুযোগ। সে ক্ষেত্রে ইরান নিয়ে 'মাথাব্যথা' ঝেড়ে ফেলার পর ট্রাম্প হয়তো এমন কোনো জাতীয় ইস্যুতে মনোযোগ দেবেন কিছু সময়ের জন্য, যার জোরে রিপাবলিকান পার্টির ভোট বাড়ে। এ ক্ষেত্রে তাঁর জন্য সবচেয়ে সহজ কৌশল হলো জাতীয়তাবাদকে উসকে দিতে পারে-এমন কিছু করা। সেই কাজটা হতে পারে মেক্সিকোর সঙ্গে সীমান্তে আরও কড়াকড়ি আরোপ কিংবা নিজ দেশের ভেতরে অবৈধ অভিবাসনবিরোধী অভিযান আরও জোরদার করা।

একটা কথা মনে রাখতে হবে, নিউইয়র্কের নির্বাচনে জোহরান মামদানির বিজয় ট্রাম্পের এরপর ২৭ পৃষ্ঠায়

# ইরানের জয় নাকি পতন, কী চায় তুরস্ক

সিনান উলগেন



যে কোনো অস্থিরতার সময়ে রাজনৈতিক নেতাদের দেশের স্বার্থ রক্ষায় কঠিন সব সিদ্ধান্ত নিতে হয়। এসব সিদ্ধান্ত প্রায়ই ঐতিহাসিক শিক্ষা থেকে আসে। আজকের তুরস্কের ক্ষেত্রেও যা সত্য।

তুরস্ক ও ইরান আঞ্চলিক ভূ-রাজনীতি নিয়ে শতাব্দীপ্রাচীন বোঝাপড়ার মধ্যে আছে। মধ্যপ্রাচ্যে এই দুই দেশের সীমান্তই হলো সবচেয়ে পুরোনো ও স্বীকৃত সীমান্ত। ১৬৩৯ সাল থেকে দুই দেশ একে অপরের পাশাপাশি শান্তিতে বসবাস করছে।

অবশ্য তুরস্ক ও ইরান মিত্র নয়। বিশেষ করে ১৯৭৯ সালের ইসলামি বিপ্লবের পর থেকে দুই দেশের স্বার্থদ্বন্দ্ব নিয়মিত ইস্যুতে পরিণত হয়েছে। তারা আঞ্চলিক প্রভাব বিস্তারের জন্য প্রায়ই 'জিরো-সাম' বা একপাক্ষিক জয়ে বিশ্বাসী প্রতিযোগিতায় লিপ্ত হয়েছে। কিন্তু তাদের কৌশলগত রেষারেষি সবসময় পরোক্ষভাবেই চলেছে। দুই পক্ষই আঞ্চলিক পরিস্থিতি নিজেদের অনুকূলে আনার চেষ্টা করলেও সরাসরি সংঘাত এড়িয়ে গেছে।

সিরিয়ায় এই বিষয়ের স্পষ্ট ছবি পাওয়া যাবে। ২০১১ সালে বাশার আল-আসাদের একনায়কতন্ত্রের বিরুদ্ধে গণবিক্ষোভ শুরু হলে তুরস্ক প্রকাশ্যে সিরিয়ার সরকার পরিবর্তনের আন্দোলনে সমর্থন দেয়। উল্টোদিকে ইরান বাশার আল-আসাদের গুরুত্বপূর্ণ মিত্রে পরিণত হয়। ইরানের সাহায্যেই আসাদ এক দশকেরও বেশি সময় ধরে গৃহযুদ্ধে টিকে থ াকতে পেরেছিলেন। ২০২২ সালের শেষের দিকে ইরানের প্রভাব দুর্বল হওয়ার পরেই বিদ্রোহী বাহিনী যুদ্ধের মোড় ঘোরাতে সক্ষম হয়। তখন তুরস্কের সহায়তায় শেষ পর্যন্ত আসাদ রাজবংশের পতন ঘটে।

**সরাসরি সংঘাত এড়ানোর নীতি**

বর্তমানে তুরস্ক ইরানের সঙ্গে সরাসরি সংঘাত এড়াতে এতটাই প্রতিশ্রুতিবদ্ধ যে তারা ইরানের ব্যালিস্টিক মিসাইল হামলার ঘটনাও চেপে গেছে। অভিযোগ আছে ন্যাটোর আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা না থাকলে ওই মিসাইল তুরস্কের দক্ষিণাঞ্চলের ইনসিরলিক বিমানঘাঁটিতে আঘাত হানত।

যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ইরানে সরকার পরিবর্তনের প্রক্রিয়ায় যথেষ্ট আপত্তি আছে তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের। সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ধীরস্থির কৌশলগত পরিকল্পনায় বিশ্বাসী ছিলেন। তিনিই সিরিয়ায় সরকার পরিবর্তনে ধৈর্য দেখাতে পারেননি। তাহলে ডোনাল্ড ট্রাম্পের বিশৃঙ্খল প্রশাসন ইরানে কীভাবে সফল হবে? এমনকি যুক্তরাষ্ট্র যদি ইরানি সরকারকে হটাতেও পারে তবুও সেখানে সুশৃঙ্খল ক্ষমতা হস্তান্তর হওয়ার সম্ভাবনা কম। তুরস্কের জন্য ইরানে রাষ্ট্রব্যবস্থা ভেঙে পড়া হলো সবচেয়ে খারাপ দৃশ্যপট বা 'ওয়ার্স্ট কেস সিনারিও'। এর পরেই আছে সিরিয়া স্টাইলের সহিংসতা। যেখানে এক সরকারের বিরুদ্ধে লড়বে এমন এক বিদ্রোহী পক্ষ যারা যুদ্ধের জন্য প্রস্তুত হলেও জেতার মতো শক্তিশালী নয়।

**শরণার্থী ও অর্থনীতির ঝুঁকি**

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে যে জঞ্জালই তৈরি করুক না কেন তার ফল তুরস্ককেই ভোগ করতে হবে। এর মধ্যে বড় আকারের শরণার্থীর ঢল অন্যতম। ১৯৭৯ সালের ইরানি বিপ্লব থেকে ১৯৯০-৯১ সালের উপসাগরীয় যুদ্ধ এবং সাম্প্রতিক সিরিয়া গৃহযুদ্ধ-প্রতিটি ক্ষেত্রেই তুরস্কের প্রতিবেশী অঞ্চলে সরকার পরিবর্তন বা ব্যর্থ চেষ্টা দেশটির ওপর নিরাপত্তা ও মানবিক বোঝা চাপিয়েছে। কেবল সিরিয়া থেকেই প্রায় ৩২ লাখ শরণার্থীকে আশ্রয় দিয়েছে তুরস্ক। দেশটি বিশ্বের অন্যতম বৃহৎ শরণার্থী আশ্রয়দাতা। ইরানের জনসংখ্যা ৯ কোটির বেশি, যা সিরিয়ার প্রায় চার গুণ।

ইরান থেকে শরণার্থীর ঢল তুরস্কের অর্থনীতির ওপরও বড় চাপ সৃষ্টি করবে। দেশটি লাগামহীন মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে। এরদোয়ান সরকার গত আড়াই বছরে মূল্যস্ফীতি ৭০ শতাংশ থেকে ৩০ শতাংশে নামিয়ে এনেছে। ২০২৮ সালের পরবর্তী নির্বাচনের আগে তারা একে এক অঙ্কের ঘরে বা সিঙ্গেল ডিজিটে নামাতে চায়। ইরানে দীর্ঘস্থায়ী অস্থিতিশীলতা তেলের দাম বাড়িয়ে এবং আন্তর্জাতিক পুঁজি বাজারে ঝুঁকি তৈরির মাধ্যমে এই প্রচেষ্টাকে বাধাগ্রস্ত করতে পারে।

**তুরস্কের কূটনৈতিক তৎপরতা**

এই ঝুঁকিগুলো সম্পর্কে সচেতন থেকেই তুরস্ক বর্তমান সংঘাত এড়ানোর চেষ্টা করেছে। তারা যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মধ্যস্থতার প্রস্তাব দিয়েছিল। সেই চেষ্টা ব্যর্থ হলে ওমান এগিয়ে আসে। এরপর আলোচনা সুইজারল্যান্ডে স্থানান্তরিত হয়। দেশটি দীর্ঘদিন ধরে দুই পক্ষের মধ্যে গোপন চ্যানেল বা ব্যাক চ্যানেল হিসেবে কাজ করছে। এখন তুরস্ক ইরানি সরকারের পতন ঘটার আগেই দ্রুত সহিংসতা বন্ধে সাহায্য করতে চাইছে।

**তুরস্কের পছন্দের ফলাফল**

দীর্ঘস্থায়ী সংঘাত ও ইরানের ভাঙন এড়ানো তুরস্কের স্বার্থের জন্য যেমন জরুরি, তেমনি যুদ্ধের শেষে যেন বর্তমান সরকারের বিজয় না হয় তাও নিশ্চিত করা দরকার। বিজয়ী ইসলামি প্রজাতন্ত্র নিঃসন্দেহে পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি বা এনপিটি থেকে সরে আসবে। তারা পারমাণবিক অস্ত্রধারী রাষ্ট্র বা অন্তত 'নিউক্লিয়ার থে শহোল্ড' রাষ্ট্রে পরিণত হওয়ার চেষ্টা করবে। পারমাণবিক ক্ষমতাসম্পন্ন ইরান আঞ্চলিক শক্তির ভারসাম্য নষ্ট করে দেবে। বর্তমানে এই ভারসাম্য তুরস্কের দিকেই ঝুঁকে আছে। তাই তুরস্কের পছন্দের ফলাফল হলো ইরানের উচ্চাকাঙ্ক্ষা ও সক্ষমতার একটি 'নিয়ন্ত্রিত পতন' এরপর ২৮ পৃষ্ঠায়



ইরানেও একই পদ্ধতি নেওয়া যেতে পারে। পরবর্তী নেতারা যদি সরকারের ভেতর থেকেই আসেন তবে তারা দেশের ধর্মীয় ও রাজনৈতিক এস্টাবলিশমেন্টের সমর্থন ধরে রাখতে পারবেন। তাদের যথেষ্ট বৈধতা থাকবে। এর ফলে তারা ইউরেনিয়াম সমৃদ্ধকরণ বন্ধ ও ব্যালিস্টিক মিসাইল কর্মসূচি সীমিত করা এবং আঞ্চলিক প্রক্সিদের অস্থিতিশীল কর্মকাণ্ড থামানোর মতো কঠিন শর্ত মেনে নিতে পারবেন। আগামী সপ্তাহগুলোতে তুরস্কের রাষ্ট্রীয় ও গোয়েন্দা সংস্থাগুলো সম্ভবত ইরানের ভেতরের এমন মূল খেলোয়াড়দের খুঁজে বের করবে যারা এই শর্তের সঙ্গে খাপ খায়। সময়মতো তুরস্ক এই ব্যক্তিদের সঙ্গে আন্তর্জাতিক মহলের যোগাযোগ ঘটিয়ে দিতে পারে। এর মাধ্যমে সংঘাতের দ্রুত ও টেকসই সমাপ্তির পথ তৈরি হতে পারে


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়




MLS | ISLAND ADVANTAGE REALTY

360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788, 631.351.6000

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

## কামরুজ্জামান বাচ্চু
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 & other programs

# House & Co-Ops For Sale

| | | |
|---|---|---|
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (2 Family) | 4 Beds over 3 Bedrooms+Semi Basement | $995,000 |
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 (4 Family) | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 8 Patricia Court Bethpage NY11714 | 5 Bedrooms, 5 bathrooms | $1,099,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 114-88 177th Place, Jamaica, NY (2 Family) | 5 Beds, 4 Bathrooms+Basement | $749,000 |
| 787 Stewart Avenue, Bathpage, NY (Long Island) | Single Family | $649,000 |
| 111-32 116th St, Jamaica, NY 11420 | 3 Bedrooms, 2 bathrooms | $799,000 |
| 1067 Mirabelle Ave, Westbury, NY 11590 | 4 Bedrooms, 2 bathrooms | $770,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Whitestone, NY 11357 | 2 Bedrooms, 2 bathrooms (CO-OP) | $675,000 |
| 3201 Grand Concourse #4M, Bronx, NY 10468 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $175,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | 2 Bedrooms, 1 bathroom (CO-OP) | $319,000 |
| 715 Fox Street #5J, Bronx, NY 10455 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $154,900 |
| 208 Myrtle Avenue, Staten Island, NY | Two Family | $690,000 |
| 140 Arlington Avenue, Valley Stream, NY | Single Family | $704,900 |
| 1326 College Avenue, Bronx, NY | Two Family | $499,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SHAH NAWAZ
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Paladino shoots back after ethics committee charges her for Islamophobic remarks

Ajkal Desk



Queens Republican Councilmember Vickie Paladino shot back after she was charged by the Council's ethics committee over a slew of Islamophobic remarks she made on social media in recent months.
The Northern Queens elected criticized the Council's ethics committee in a lengthy social media post Tuesday night, and appeared to threaten a lawsuit, arguing the charges infringe on her First Amendment rights.
Paladino was charged with "engaging in disorderly behavior and violating the Council's Anti-Harassment and Discrimination Policy," according to a Council spokesperson. The Committee on Rules, Privileges, Elections, Standards and Ethics handed down the charges on Monday after being asked to expedite its investigation into Paladino's posts by Speaker Julie Menin. The charges came after Paladino made a number of Islamophobic remarks on social media, calling for the expulsion of Muslims from western nations while also claiming that Mayor Zohran Mamdani, the city's first Muslim mayor, was plotting a Muslim takeover of city government. Paladino said her remarks, which drew widespread condemnation, were protected speech.
"On Monday, the City Council ethics committee, under political pressure from the speaker, moved forward with an unconstitutional scheme to violate my First Amendment rights by charging me with 'disorderly conduct' for constitutionally protected political speech on social media," she said in a post on X. Paladino, who has been censured by the body before, argued her comments did not contain threats of violence, and that the Council's actions were an illegal restriction of her speech.
"I have every right to speak my mind on social media without fear of retaliation by my government, as does every American," she said. "The fact that this egregious disregard for the Constitution was allowed to proceed to this point is a stain on our Council, and on New York City." Paladino is scheduled to appear before the committee in an executive session in the coming weeks. A lawsuit might come before then, Paladino said.
"My legal team will respond to this egregious violation of my rights swiftly," she said.
The initial inquiry into Paladino's remarks began at the start of the year, when Menin first took office. Several weeks before the start of the legislative year, Paladino made several posts to X following the killing of 13 people at a Hanukkah celebration in Australia by a pair of gunmen.
Paladino resumed posting similar messages in February, claiming Mamdani's appointment of New York City born-and-raised Faiza Ali was proof the city was "under foreign occupation."
"There's really no other way to put it," Paladino posted. "Does this administration have one single actual American in it?"
Paladino's messages continued when she said in a post that Islamophobia was a "fake term invented by radicals to cut off justified criticism of imperialist and violent political Islam and the overwhelmingly negative impacts it's had all across the West for decades now."
After Paladino's February posts, Menin said the messages appeared to violate the Council's harassment policies. "Councilmember Paladino's continued rhetoric is unacceptable and deeply Islamophobic," she said in a statement to the Eagle last month. This Continued on page 26





# Hadi murder: Prime accused Faisal Karim and associate arrested in India

Ajkal Desk

According to Indian media reports quoting the STF, the arrests were made on March 7 following intelligence information that two Bangladeshi nationals involved in serious crimes, including murder and extortion, had fled Bangladesh and entered India illegally.
Investigators said the suspects were attempting to take shelter near the border with the intention of crossing back into Bangladesh when STF personnel conducted a raid and detained them.
During preliminary interrogation, Faisal, also known as Rahul, reportedly confessed that he and Alamgir were involved in the killing of Hadi.
Investigators added that the two fled Bangladesh after the murder, entering India illegally through the Meghalaya border before moving across several locations and eventually reaching Bongaon.
A case has been registered in India, and the suspects were produced before a court on Saturday, where they were remanded in police custody.
Officials confirmed that further investigation is underway.




# ICE detainer requests to NYC jails more than doubled under Trump

Shah Nawaz




The number of times Immigration and Customs Enforcement agents asked the Department of Correction to give them a heads up before a detainee's release so that they could make an arrest more than doubled during the first year of President Donald Trump's second term, compared to the year prior, according to the DOC.
ICE agents made nearly 900 detainer requests to the DOC in 2025, asking the agency to notify them before a detainee's release and to hold the detainee for 48 hours beyond their scheduled release.
In 2024, ICE made 403 detainer requests, DOC's top attorney, James Conroy, said during a City Council oversight hearing about the agency's coordination with ICE on Thursday.
But while the city saw a major uptick in detainer requests, the number of times the DOC worked with ICE to turn a detainee over to them remained relatively flat. In 2024, the DOC honored 18 of the 403 detainer requests. In 2025, it honored 25 requests, Conroy said.
The city's sanctuary laws, Continued on page 26

# Priyanka Chopra to present at the 98th Academy Awards

Anik Raj

Actor Priyanka Chopra Jonas has been announced as one of the presenters at the 98th Academy Awards, organisers confirmed on Thursday.
The global star joins a list of presenters that includes Robert Downey Jr, Anne Hathaway, Paul Mescal, Gwyneth Paltrow, and Will Arnett, according to the Academy of Motion Picture Arts and Sciences.
The ceremony will take place on March 15, 2026, at the Dolby Theatre at Ovation Hollywood in Los Angeles, and will be broadcast live on ABC while also streaming on Hulu. The event will be hosted by comedian Conan O'Brien. Chopra previously appeared as an Oscars presenter at the 88th Academy Awards in 2016, where she presented the award for film editing alongside actor Liev Schreiber. Her return Continued on page 26









# Another US service member killed in Iran War

Ajkal Desk



Another U.S. service member has died following an Iranian attack on troops in the Middle East earlier this month, the military confirmed on Sunday.
U.S. Central Command said the service member, who died Saturday night, was injured during Iran's initial attacks in Saudi Arabia on March 1.
This marks the seventh U.S. military member to be killed in action during the so-called Operation Epic Fury. The soldier will not be identified until 24 hours after their next of kin has been notified. "Major combat operations continue," U.S. Central Command said Sunday.
The six Army Reserve soldiers killed in an Iranian drone strike in Kuwait on March 1 – the first American casualties of the conflict – returned home on Saturday.
